দৈনিক ইত্তেফাক
THE DAILY ITTEFAQ
প্রতিষ্ঠাতা ঃ তফাজ্জল হোসেন মানিক মিয়া
ঢাকা, রবি, ১৪ অগাষ্টu-এ ২০১১, ৩০ শ্রাবণ ১৪১৮

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হল আদিবাসী দিবস

সিরিয়ায় দমন অভিযান, নিহতের সংখ্যা ২০

ভেজালের যুগে খাঁটি দুধ চিনবেন যেভাবে

মিসরে সামরিক শাসনের বিরুদ্ধে বিক্ষোভ আহত শতাধিক

সর্বশেষ: ইসলামী বিশ্ববিদ্যালয়ের হল থেকে শিক্ষার্থীদের চলে যা...

লাঠিচার্জে ছত্রভঙ্গ নিষিদ্ধ হিযবুতের মিছিল

লেখক: ইত্তেফাক রিপোর্ট | রবি, ১৪ অগাষ্টu-এ ২০১১, ৩০ শ্রাবণ ১৪১৮

পুলিশসহ আহত ৭, গ্রেফতার ১৬

নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী রাজধানীর মুক্তাঙ্গনে গতকাল শনিবার মিছিল ও সমাবেশ করার চেষ্টা করলে পুলিশের সঙ্গে নেতা-কর্মীদের দফায় দফায় ধাওয়া, পাল্টা ধাওয়া ও সংঘর্ষের ঘটনা ঘটে। এসময় পুলিশের ব্যাপক লাঠিচার্জ ও নেতাকর্মীদের হামলায় পুলিশসহ ৭ জন আহত হয়েছে। পুলিশ ঘটনাস্থল থেকে হিযবুত তাহরীরের ১৪ জন নেতাকর্মীকে আটক করেছে। এছাড়া শাহবাগ থানা পুলিশ গ্রেফতার করেছে ২ হিযবুত সদস্যকে। এ ঘটনায় আহত পুলিশ কর্মকর্তা হাজ্জাত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিতসাধীন রয়েছেন। নিষিদ্ধ এই সংগঠন রাজপথে মিছিল-সমাবেশ করবে এমন ঘোষণা প্রচারিত হওয়ার পর আগে থেকেই সতর্ক অবস্থানে ছিল পুলিশ। কিন্তু কড়া পাহারার মাঝেও আকস্মিকভাবে মিছিল বের করে নেতাকর্মীরা। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, গতকাল সকাল ৬টা থেকেই পুলিশের বিপুল সংখ্যক সদস্য মুক্তাঙ্গনের সামনে পল্টন মোড়সহ আশপাশের এলাকায় অবস্থান নেয়। দুপুর ১২টা ৩৫ মিনিটে হঠাত্ করেই হিযবুত তাহরীরের প্রায় অর্ধশত নেতাকর্মী বিজয়নগর এলাকা থেকে একটি মিছিল বের করে। মিছিলটি পুরানা পল্টন লেনের গলিতে অবস্থান নেয়। এরপর তারা মিছিল নিয়ে মুক্তাঙ্গনের দিকে অগ্রসর হয়। মিছিলটি পল্টন মোড় সংলগ্ন মরন চাঁদ মিষ্টির দোকানের সামনে পৌঁছলে পুলিশ মিছিলে বাধা দেয় এবং বেধড়ক লাঠিপেটা শুরু করে। পুলিশের লাঠিচার্জের ফলে মিছিলকারীরা ছত্রভঙ্গ হয়ে যায়। এ সময় পুলিশ মিছিলকারীদের আটকের চেষ্টা করলে শুরু হয় ধস্তাধস্তি। এ অবস্থার মধ্যেই ৫ জনকে গ্রেফতার করা হয়। পুলিশের লাঠিচার্জের শিকার কর্মীদের একটি অংশ বিজয়নগর পেট্রোল পাম্পের গলিতে ঢুকে পড়ে। সেখান থেকে তারা আবারো মিছিল করে পল্টন মোড়ের দিকে অগ্রসর হওয়ার চেষ্টা করলে পুলিশ আরেক দফা লাঠিচার্জ করে। এসময় হিযবুত তাহরীরের কর্মীরাও পুলিশের উপর চড়াও হয় এবং ইটপাটকেল নিক্ষেপ করে। নেতাকর্মীদের হামলায় গুরুতর আহত হন মতিঝিল এলাকার পেট্রোল ইন্সপেক্টর হাজ্জাত। এসময় পুলিশ আরো ৬ হিযবুত তাহরীর কর্মীকে গ্রেফতার করে। এরপর পল্টন মোড় থেকে গ্রেফতার করা হয় আরো ৩ জনকে। গ্রেফতারের পর তাদেরকে প্রিজন ভ্যানে ওঠানো হলে ভ্যানের ভেতর থেকে তারা বর্তমান সরকারের বিরুদ্ধে বিষোধগার করে শ্লোগান দেয়।

এ সময় সাব্বির নামের এক হিযবুত কর্মী চিতকার করে বলতে থাকেন, 'এভাবে আমাদের দমন করা যাবে না। খিলাফত আসছে। শেখ হাসিনা এদেশে খিলাফতের বিরুদ্ধে কাজ করছে। হিযবুত তাহরীর খেলাফত প্রতিষ্ঠার আন্দোলন চালিয়ে যাবে। পিটিয়ে ও গ্রেফতার করে হিযবুতসহ ইসলামপন্থীদের দমন করা যাবে না।'

ঢাকা মহানগর পুলিশের মতিঝিল জোনের ডিসি আনোয়ার হোসেন জানিয়েছেন, হিযবুত তাহরীর একটি নিষিদ্ধ সংগঠন। এ সংগঠন মিছিল বের করলে পুলিশ মিছিলে বাধা দেয়। মিছিল থেকে কয়েকজন কর্মীকে আটক করা হয়।

পল্টন থানার ওসি জানান, হিযবুতের ১৪ নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে। তবে তাদের নাম বা অন্য কোন তথ্য থানা থেকে জানানো হয়নি।

মন্তব্য

এখানে কোন মন্তব্য নাই।

আপনার মন্তব্য দেওয়ার জন্য লগইন অথবা রেজিষ্টার করুন

Share

প্রথম পাতা

- মর্মান্তিক দুর্ঘটনায় তারেক মাসুদ ও মিশুক মুনীর নিহত
- সড়ক দুর্ঘটনায় নিহত যেসব কৃতী সন্তান
- রাজনীতিকদের কাদা ছোঁড়াছুঁড়িতে জনগণ নেই :সিইসি
- অতি উতসাহী আওয়ামী লীগার হবেন না
- লাঠিচার্জে ছত্রভঙ্গ নিষিদ্ধ হিযবুতের মিছিল

পুরোনো সংখ্যা

<<	অগাষ্টu-এ ২০১১				>>	
শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র
		১	২	৩	৪	৫
৬	৭	৮	৯	১০	১১	১২
১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
২০	২১	২২	২৩	২৪	২৫	২৬
২৭	২৮	২৯	৩০	৩১		

১৪ই এপ্রিলের পূর্বের আর্কাইভ

ইত্তেফাক আর্কাইভ

মানিক মিয়া

ইত্তেফাক ওয়েবসাইট সমূহ

The Daily Ittefaq

অনলাইন জরিপ

দেশের কমিশনগুলোর নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে বিশেষ সংসদীয় কমিটি গঠনের প্রস্তাব আপনি সমর্থন করেন?

পূর্বের রেজাল্ট দেখতে ক্লিক করুন

- হ্যাঁ
- না
- মন্তব্য নেই

ভোট দিন

পূর্বের রেজাল্ট দেখতে ক্লিক করুন

MelbourneConnect.com.au
MelbourneConnect.com.au
MelbourneConnect.com.au
MelbourneConnect.com.au

সম্পাদকঃ আনোয়ার হোসেন। উপদেষ্টা সম্পাদকঃ হাবিবুর রহমান মিলন। ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে আনোয়ার হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা- ১২১৩ থেকে মুদ্রিত।
কাজলারপাড় ফোনঃ পিএবিএক্সঃ ৭৫৫৪৯৬০, ৭১২২৬৬০, ফ্যাক্সঃ বার্তা-৭৫৫৪৯৭৪-৬, মফস্বল- ৭৫৫৪৯৭৩ ও কাওরান বাজার ফোনঃ ৮১৮৯০১৭-৮, ফ্যাক্সঃ ৮১৮৯৩৮৪-৫। www.ittefaq.com.bd, email: ittefaq@bangla.net

Developed & maintained by DRIK ICT

4.92MB 0.2460